

ছোটকাকা না না কনিষ্কদা!!

“গার্মী, কঞ্জুন কোথায়?” ... আর কেউ তো বলবে না!
“গার্মী! বাবা কেমন?” আর তো শুনতে পাবো না!!
“আরে এত দুর্বাদলশ্যাম না!! এক্কেবারে ই হয়নি;
তুলে ফেল!! দেখছি - রং তুলি দে আমি ই করেদি;
এর পিছনে না দাঁড়ালে আলো একটু ও পাবি কি?
বুঝে নে এই খুঁটিনাটি নাহলে আর শিখবি রে কি?!
টুর এ এসে খাবি এই এইটুকু, দাঁড়া তো তোকে দেখি!
হচ্ছে বটে আলো নাড়াচাড়া তা ও রে ওরে অনেক বাকি!!”



মিষ্টি কড়া অনেক কথা - কোনটা বলি কোনটা রাখি?

আজ যে গো মনটা ভারী - তাই গো আজ চুপ ই থাকি ;

কথাগুলো মনে যে আজ দিচ্ছে বড় বেশি নাড়া -

কোথায় গেলো মানুষটা - যার মিলবে না আর কোন সাড়া !



স্টেজের পাঠের হাতেখড়ি, আমার তোমার ই হাত ধরে -
অপূর্ব এক আকর্ষণে তুমি বেধেছিলে মোর এ;
হটাৎ সেদিন হারিয়ে গেলে অচেনা আলোকলোকে --
শুনেছি কেউ ফেরে না আর সেই সেখান থেকে !
ছোটকাকা না না কনিষ্কদা সদাই যে তার মুখে হাসি,
তোমাকে যে আমরা সবাই বডেডা বডেডা ভালোবাসি!!
আলোর সাথী আলোকপথে তাই কি দিলে ছুটে পাড়ি ?!
ভালো থেকে, ভালো রেখ, সাজিয়ে তোমার নতুন বাড়ি
আমরা সবাই তোমার কাছে করি গো আজ এই মিনতি -
আমরা তোমায় জানাই অনেক ভালোবাসা আর প্রণতি ॥